# বিমা সুবিধা মিলছে আর্থিক বিকাশ, চর্চা

আজকের ফরিয়াদ স্টাফ রিপোর্টার ২৫ আগস্ট।। আর্থিক শৃঙ্খলায় গুরুত্ব দিয়ে স্বাবলম্বী করার উদ্যোগ জারি আছে।বিশেষ করে রাজ্যের কৃষকদের আর্থ সামাজিক বিকাশে গুরুত্ব দিয়েছেন ডা মানিক সাহার সরকার।সেদিক থেকে গোটা রাজ্যেই কর্মসূচি চলছে।দক্ষিণ ত্রিপুরায় মনোনীত ব্যক্তি ২ লক্ষ টাকা পিএমজেজেবিওয়াই বিমা সুবিধা পেয়েছেন।সংশ্লিষ্টরা বলছেন শিবিরগুলো আর্থিক অন্তর্ভুক্তির প্রচার করে।এদিকে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনার বা পিএমজেজেবিওয়াই অধীনে একটি উল্লেখযোগ্য অগ্রগতিতে, ঋষ্যমুখ আরডি ব্লকের গোবুরছড়া গ্রামের সুজিত দত্ত ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের দক্ষিণ সোনাইছড়ি শাখা থেকে ২ লক্ষ টাকার চেক পেয়েছেন। মূল পলিসিধারক, প্রয়াত বিউটি দত্ত মজুমদারের মৃত্যুর পর বিমা দাবির সুবিধা হিসেবে এই অর্থ বিতরণ করা হয়েছিল। জানা গেছে পিএমজেজেওয়াই ১৮ থেকে ৫০ বছর বয়সি ব্যক্তিদের জন্য ৪৩৬ টাকার বার্ষিক প্রিমিয়ামে ২ লক্ষ টাকার নবায়নযোগ্য এক বছরের মেয়াদি জীবন বিমা কভার প্রদান করে, যা সঞ্চয় অ্যাকাউন্ট বজায় রাখার জন্য ৫৫ বছর অবধি কভারেজ অব্যাহত থাকবে।কর্মকর্তারা জোর দিয়ে বলেছেন যে এই ধরনের সামাজিক সুরক্ষা প্রকল্পগুলো সংকটের সময়ে পরিবারগুলোকে প্রচুর সুবিধা প্রদান করলেও, সচেতনতার অভাব এখনও একটি বড় চ্যালেঞ্জ। এই

(এর পর সাতের পৃষ্ঠায়)